গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)- এর বাস্তবায়ন বিষয়ক কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মোল্লা জালাল উদ্দিন<br>অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ০৭ ডিসেম্বর ২০২০ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়ন সরকারের একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন। তিনি উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন এবং আলোচনা শুরু করার জন্য মন্ত্রণালয়ের উপসচিব ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন-কে অনুরোধ জানান।

০২। এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি দায়িত্ব পালন করছে। এসডিজি বাস্তবায়ন কমিটির গত ০৪-১১-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এসডিজি কর্ণারে সকল গুরুত্বপূর্ণ ডকুমেন্টস আপলোড করা হয়েছে যা প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। মন্ত্রণালয়ের ন্যায় আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকেও নিজ নিজ ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন করার বিষয়ে জানতে চাওয়া হলে শ্রম অধিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিলের প্রতিনিধিগণ জানান তাদের স্ব-স্ব ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন করা হয়েছে এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্টস প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে। তাছাড়া ৪টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন উন্নয়নের কার্যক্রমের বিষয়ে জানতে চাওয়া হলে শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক, মোঃ মাহবুব আলম জানান, শিল্প সম্পর্ক শিক্ষায়তনসমূহে প্রশিক্ষণ ব্যবস্থা উন্নত ও অফিস আধুনিকায়নের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে উপস্থাপিত রয়েছে। উক্ত সভার আলোচনার প্রেক্ষিতে এতদ্‌বিষয়ে কমিটি গঠনের পর্যায়ে রয়েছে। এর প্রেক্ষিতে এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা আগামী সভায় এ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। পর্যালোচনায় দেখা যায়, গত সভার সকল সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক।

০৩। তিনি সভাকে অবহিত করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের টার্গেটসমূহ অর্জনের লক্ষ্যে একটি অনুমোদিত কর্মপরিকল্পনা রয়েছে; যা এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহের বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। এসডিজি বাস্তবায়নের বিষয়টি লক্ষ্য রেখে নতুন প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি মহোদয় একমত পোষণ করেন। সভাপতি মহোদয় বলেন, এসডিজি বাস্তবায়নাধীন কর্মকর্তা, এসডিজি বাস্তবায়নকারী সংস্থা, তত্ত্বাবধায়ক প্রতিনিধিদের নিয়ে কর্মশালা আয়োজনের গুরুত্ব বিবেচনায় দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। কর্মশালা বাস্তবায়নের জন্য দ্রুত কমিটি গঠনপূর্বক সকল প্রস্তুতি সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপস্থাপনার উপর বিস্তারিত আলোচনার জন্য সভাপতি সকলকে আহবান জানান। উপস্থিত সকলেই সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করেন।

০৪। উপসচিব জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন সভাকে অবহিত করেন যে, আগামী ০৮ ডিসেম্বর ২০২০ তারিখ দিনব্যাপি ‘বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর প্রতিফলন’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী হলে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ফোকাল পয়েন্ট ও উপসচিব জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ফোকাল পয়েন্ট ও উপসচিব জনাব মোঃ হানিফ সিকদার এবং উপসচিব (আদালত) জনাব মোঃ মহিদুর রহমান-কে মনোনয়ন প্রদান করা হয়েছে। কর্মশালায় এসডিজি বাস্তবায়নে গৃহীত কর্মপরিকল্পনা এবং সূচকসমূহের অগ্রগতি উপস্থাপন করা হবে। এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানকারী হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২টি ইন্ডিকেটর (৮.৮.২ ও ৮.বি.১)-এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে উপসচিব (কর্মসংস্থান) বলেন যে, ইন্ডিকেটর ৮.৮.২-তে শ্রম অধিকারের জন্য আইএলও গাইডলাইন এবং জাতীয় আইন কতটুকু বাস্তবায়ন করা যাচ্ছে সে বিষয়টি উল্লেখ করা হয়েছে। এর সাথে শ্রম অধিদপ্তরের সংশ্লিষ্টতা থাকতে পারে। তাছাড়া ইন্ডিকেটর ৮.বি.১-এ যুব কর্মসংস্থানের জন্য একটি স্বতন্ত্র কৌশল অথবা জাতীয় কর্মসংস্থান কৌশল প্রণয়ন করতে বলা হয়েছে। ইতোমধ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ‘জাতীয় কর্মসংস্থান কৌশলপত্র’-এর খসড়া প্রণয়ন করা হয়েছে। ‘জাতীয় কর্মসংস্থান কৌশলপত্র’ চূড়ান্ত করে এ ইন্ডিকেটর বাস্তবায়ন করা সম্ভব হবে। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ২টি ইন্ডিকেটর (৩.৯.১ ও ৮.৮.১)-এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সহকারী মহাপরিদর্শক শেখ আসাদুজ্জামান বলেন, ইন্ডিকেটর ৩.৯.১ বাস্তবায়নের জন্য জেলা পর্যায়ে পত্র প্রেরণের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। ইন্ডিকেটর ৮.৮.১ বাস্তবায়নের জন্য ২টি প্রকল্প চলমান রয়েছে। শ্রমিকদের স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিতের জন্য পরিদর্শকগণ প্রতিনিয়ত সভার মাধ্যমে মালিকদের এ বিষয়ে সচেতন করেন। ইনজুরি শূন্যের কোঠায় নামিয়ে আনার প্রচেষ্টা

চলমান রয়েছে। বর্তমানে গার্মেন্টস সেক্টরে ইনজুরি অনেকটা কমে এসেছে কিন্তু প্লাস্টিক, কেমিক্যাল ও অন্যান্য সেক্টরে পরিদর্শকের সংখ্যা কম ও অন্যান্য কারণে ইনজুরি কমিয়ে আনা কষ্টসাধ্য। সভাপতি মহোদয় বলেন, ইনজুরি সংখ্যা কমিয়ে আনার জন্য কৌশলপত্র প্রণয়ন করে বাস্তবায়ন করতে হবে। তাছাড়া আসন্ন শীত মৌসমে অগ্নীকান্ডের প্রবণতা বেড়ে যায়। তাই এ বিষয়ে পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে এবং অগ্নি নির্বাপক যন্ত্রসমূহের কার্যক্ষমতা পর্যবেক্ষণ করতে হবে। কারখানার নিকটবর্তী ফায়ার স্টেশনকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য পত্র প্রেরণ এবং প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করতে হবে।

০৫। শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক, মোঃ মাহবুব আলম জানান, ইন্ডিকেটর বাস্তবায়নের জন্য প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন, মন্ত্রণালয় ও অধিদপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় ক্ষেত্রে অতিরিক্ত প্রকল্প গ্রহণ করা যাবে। প্রকল্প গ্রহণের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। তাছাড়া মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রমের সাথে কোন ইন্ডিকেটরকে সংযুক্ত করা যায় তা নির্ধারণ করতে হবে। এতে সংশ্লিষ্ট কমিটির উপস্থিতিতে একটি কর্মশালার মাধ্যমে ইন্ডিকেটর অনুযায়ী দায়িত্ব প্রদান করে দেওয়া প্রয়োজন। যুগ্মসচিব (আই,ও) মোঃ হুমায়ুন কবীর বলেন, ইন্ডিকেটর ৮.৮.২ সুনির্দিষ্টভাবে নির্ধারিত ছিল না । বর্তমানে এ ইন্ডিকেটরে ডাটা প্রদানের জন্য ম্যাটাডাটা প্রণয়ন করা হয়েছে। উক্ত ম্যাটাডাটা অনুযায়ী ডাটা প্রদানের জন্য আইএলও'এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে করণীয় নির্ধারণ করা প্রয়োজন। সংশ্লিষ্ট কর্মকর্তা হিসেবে যুগ্মসচিব (আই,ও) মোঃ হুমায়ুন কবীর, সিনিয়র সহকারী সচিব (আই,ও) বেগম সুহানা ইসলাম এবং শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক, মোঃ মাহবুব আলম-কে মনোনীত করা হয়। সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

০৬। উপসচিব জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন সভাকে অবহিত করেন যে, SDG বিষয়ক কমিটি, SDG বাস্তবায়ন কমিটি, ফোকাল পয়েন্ট কমিটি, ডাটা অনুমোদন ও ডাটা প্রদানকারী কমিটি'র সদস্য বদলীজনিত কারণে কমিটির কার্যক্রম পরিচালনায় অসুবিধার সৃষ্টি হচ্ছে। কমিটিগুলো পদবী অনুযায়ী সংশোধনপূর্বক পুন:গঠন করা প্রয়োজন।

০৭। সভাপতি সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়ন বিষয়টিকে গুরুত্বসহকারে বিবেচনা করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন, রিপোর্ট রিটার্ন এবং তথ্য উপাত্তসমূহ যথাসময়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়ের ন্যায় অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের গুরুত্বপূর্ণ ডকুমেন্টস এসডিজি কর্ণারে নিয়মিত আপলোড করতে হবে। | কর্মসংস্থান শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ |
| ২. | কর্মশালা বাস্তবায়নের জন্য কমিটি গঠনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসংস্থান শাখা |
| ৩. | SDG বিষয়ক কমিটি, SDG বাস্তবায়ন কমিটি, ফোকাল পয়েন্ট কমিটি, ডাটা অনুমোদন ও ডাটা প্রদানকারী কমিটি পদবী অনুযায়ী সংশোধনপূর্বক পুনর্গঠন করতে হবে। | কর্মসংস্থান শাখা |
| ৪. | এসডিজি বাস্তবায়ন এবং এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদান বিষয়ক দিনব্যাপি একটি কর্মশালা দ্রুত আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এতদ্‌বিষয়ে গঠিতব্য কমিটি |
| ৫. | নিম্নতম মজুরী বোর্ড, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিলের কার্যক্রমের সাথে কোন ইন্ডিকেটরকে সংযুক্ত করা যায় তা চূড়ান্ত করতে হবে। | কর্মসংস্থান শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় নিম্নতম মজুরী বোর্ড, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন ও কেন্দ্রীয় তহবিল |
| ৬. | ইন্ডিকেটর ৮.৮.২-এ ডাটা প্রদানের বিষয়টি পর্যালোচনা করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী সভায় প্রস্তাবনা প্রদান করবে। | যুগ্মসচিব (আই,ও) মোঃ হুমায়ুন কবীর, সিনিয়র সহকারী সচিব (আই,ও) বেগম সুহানা ইসলাম এবং সহকারী পরিচালক, মোঃ মাহবুব আলম, শ্রম অধিদপ্তর |
| ৭. | কমিটির পরবর্তী সভা আগামী ০৭-০১-২০২১ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় আহবান করতে হবে। | কর্মসংস্থান শাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোল্লা জালাল উদ্দিন
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৫.৯৯.০০২.২০.৫৭

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৭
০৯ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

৩) চেয়ারম্যান, শ্রম আপীল ট্রাইব্যুনাল

৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
৫) মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল
৬) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) উপসচিব, আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) উপ-সচিব, কর্মসংস্থান অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৯) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১০) উপ-সচিব, রপ্তানীমূখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) উপসচিব, মজুরী বোর্ড শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৩) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৪) সিনিয়র সহকারী সচিব, আর্ন্তজাতিক সংস্থা শাখা-৩, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৫) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৬) সহকারী পরিচালক , প্রশিক্ষণ শাখা , শ্রম অধিদপ্তর
১৭) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার , আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৮) সচিব, সচিব এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড



শাকেরা আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা
www.mole.gov.bd

"টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিসি)" বিষয়ক কমিটির ৫ম সভা

সভার তারিখ: ০৭ ডিসেম্বর ২০২০
সময়: সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, ভবন-০৭)

| ক্রম | নাম,পদবী ও অফিস | ই-মেইল ও মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মো: হুমায়ুন কবীর যুগ্মসচিব (অব:প্র:) [illegible] | kabirmh70@gmail.com | 07/12/2020 |
| ২. | মো: মহিদুর রহমান উপসচিব MOLE | 01711583715 mohidur1965@gmail.com | |
| ৩. | [illegible] উপসচিব MoLE | 01615489913 section6@mole.gov.bd | 07/12/2020 |
| ৪. | সৈয়দ আলী আহসান উপসচিব MOLE | 01711431009 ahsan.ex@gmail.com | 07.12.2020 |
| ৫. | মো: আব্দুল কাদের — [illegible] MoLE | 01553255265 esha2005du@gmail.com | 07.12.2020 |

| ক্রম | নাম,পদবী ও অফিস | ই-মেইল ও মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৬. | মোঃ আসাদুজ্জামান [illegible]<br>AIG Safety | asadzaman.dibe@gmail.com<br>01712-203596 | [signature] 09/12/20 |
| ৭. | মো. মাসুদুর রহমান<br>সহকারী পরিচালক | ma_zahid@yahoo.com | [signature] ০৯/১২/২০২০ |
| ৮. | Raisha Afroz<br>[illegible] | 01552464823<br>নির্মাণ শ্রমিক সেল | Raisha Afroz 09.02.2020 |
| ৯. | Tasnova Ahmed Ananna<br>Assistant Director | 01755954226<br>BIWF | Taa 9.12.2020 |
| ১০. | MD: Rakib Hossain<br>(P.A) | 01779079264<br>central fund. | [signature] 7-12-20 |
| ১১. | [illegible] | 01712-550122 | [signature] |
| ১২. | | | |
| ১৩. | | | |